

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
লাইফ ভিউ-ফুলকুটির, মীম শরৎ এ্যাপার্টমেন্ট(৫ম তলা)
৭৪ বঙ্গবন্ধু রোড, উকিলপাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।
www.food.narayanganj.gov.bd

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.৬৭০০.০০০.৫৭.০০৩.২০.১৬২৫

বিষয়: "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪" অনুযায়ী উপকারভোগীদের হালনাগাদ তালিকা প্রস্তুতকরণ।

- সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ- শাখার ১৪.১০.২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৬নং স্মারক।
২। খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ- শাখার ১৪.১০.২০২৪ তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭নং স্মারক।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ মহোদয়ের ০৩.১২.২০২৪ তারিখের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র জনগোষ্ঠীর মাছে ভর্তুকি মূল্যে খাদ্যশস্য বিতরণ কার্যক্রমের পরিধি অধিকতর স্বচ্ছ, গতিশীল ও জনহিতকর করার লক্ষ্যে "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০১৭" বাতিলক্রমে "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪" সূত্রস্থ ১নং স্মারকে জারি করা হয়েছে এবং জারিকৃত "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪" অনুসারে খাদ্যবান্ধব কার্যক্রম পরিচালনা ও ডিলার নিয়োগের জন্য সূত্রস্থ ২নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচি বাস্তবায়নকল্পে উপকারভোগীদের তথ্য নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করে হালনাগাদ করতে হবে:

- ১। ইউনিয়ন পর্যায়ে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের মধ্যে থেকে হতদরিদ্র পরিবার সম্পর্কিত পরিসংখ্যান ব্যুরোর তথ্য এবং ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের উপজেলা দপ্তরে সংরক্ষিত ডিপি (ডিস্টেস প্রাইওরিটি) লিস্ট ইত্যাদি বিবেচনা করে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক পরিবারকে নির্বাচন করে খাদ্যবান্ধব কর্মসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে,
- ২। খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ জারির ০৩(তিন) মাসের মধ্যে বিদ্যমান উপকারভোগীদের তালিকা যাচাই-বাছাই করে উপকারভোগীদের হালনাগাদ তালিকা প্রস্তুত করতে হবে;
- ৩। প্রতি বছর জুলাই ও আগস্ট মাসে উপকারভোগীদের তালিকা হালনাগাদ করতে হবে;
- ৪। নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং পরিবার প্রধানের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে;
- ৫। নিম্নের অনুচ্ছেদে বিবৃত মানদণ্ডের ভিত্তিতে পরিবারকে চিহ্নিত করতে হবে:
- ৬। যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে-
 - (১) গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার: নিম্ন আয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম;
 - (২) বিধবা/তালুকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধী রয়েছে তারা অগ্রাধিকার পাবে।

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে না-

- (১) একই পরিবারের একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবে না;
- (২) ভিজিডি কর্মসূচির সুবিধাপ্রাপ্তদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

এমতাবস্থায়, "খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪" এবং এ-সংক্রান্ত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪-১২-২০২৪
মোহাম্মদ বাবুল হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর: ১৩.০১.৬৭০০.০০০.৫৭.০০৩.২০.১৬২৫/১ (৪)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর/বন্দর/সোনারগাঁ/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।



০৪-১২-২০২৪
মোহাম্মদ বাবুল হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক